

প্রেস বিজ্ঞপ্তি

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকি : বিভিন্ন অপরাধে ০২ টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- টাকা জরিমানা

যশোর, ১৩ নভেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ।

বাণিজ্য মন্ত্রণালয়স্বীকৃত জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের যশোর জেলা কার্যালয় কর্তৃক আজ একটি তদারকিমূলক বাজার অভিযান জেলা সদরের পুলেরহাট বাজার এলাকায় পরিচালিত হয়। এসময় বাজারের দোকানগুলোতে পৈয়াজের ক্রয় রশিদ যাচাই করা হয় এবং ব্যবসায়ীদেরকে মূল্য তালিকা প্রদর্শনের ব্যাপারে নির্দেশনা দেয়া হয়। কয়েকদিনের বাসি মিষ্টি বিক্রয়ের উদ্দেশ্যে ফ্রিজে সংরক্ষণ এবং মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়ের উদ্দেশ্যে সংরক্ষণ ও প্রদর্শন করার অপরাধে ঘোষ সুইটস এবং জুবায়ের ডাগ হাউজ-কে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৪৩ ও ৫১ ধারায় প্রশাসনিক ব্যবস্থায় যথাক্রমে ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ও ৪,০০০/- (চার হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। মোট আদায়কৃত জরিমানার পরিমাণ ৯,০০০/- (নয় হাজার) টাকা। জরিমানার অর্থ তাৎক্ষণিকভাবে অভিযুক্ত প্রতিষ্ঠানগুলি স্বেচ্ছায় পরিশোধ করেন। অভিযান পরিচালনাকালে ব্যবসায়ী এবং উপস্থিত জনসাধারণের মাঝে ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং সকলকে ভোক্তা-অধিকার বিরোধী কার্যাবলী হতে বিরত থাকার অনুরোধ করা হয়। অভিযানটি পরিচালনা করেন যশোর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোঃ ওয়ালিদ বিন হাবিব, সার্বিক সহযোগিতায় ছিলেন কনজুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), যশোর-এর প্রতিনিধি জনাব মোঃ আব্দুর রকিব সরদার এবং নিরাপত্তায় ছিলেন সদর (কোতয়ালী) থানা পুলিশের একটি টিম।



13.11.2019

মোঃ ওয়ালিদ বিন হাবিব

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

যশোর জেলা কার্যালয়, যশোর।